

# প্রজন্ম কথা

*Voice of the Generation*

# PROJANMO KOTHA

JANUARY 2026

## DEMOGRAPHY meets DEMOCRACY

# YOUTH DECIDES

## WOMEN'S POLITICAL REPRESENTATION

### A Democratic gap that demands reform





# PSTC INSTITUTE FOR EMPLOYMENT SUPPORT (EMPOWERING YOUTH THROUGH EDUCATION INFORMATION & TECHNOLOGY)

**PSTC INSTITUTE FOR EMPLOYMENT SUPPORT (PIES) IS DEDICATED TO PRODUCING SKILLED, SELF-RELIANT INDIVIDUALS THROUGH STATE-OF-THE-ART EDUCATIONAL PROGRAMS. JOIN US TO ENHANCE YOUR KNOWLEDGE AND SKILLS IN TODAY'S FAST-PACED WORLD.**

LIMITED TIME OFFER

## SERVICES

- Computer Basic & Spoken English
- Graphic Design with Freelancing (Adobe Photoshop & Illustrator)
- Digital Marketing with Freelancing

## OUR FACILITIES

- Digital Computer Lab
- Recorded Class Videos
- Online / Offline Support
- Backup Class
- Government Certificate
- Internship Facility
- Freelancing Guidelines
- Job Placement Support

## CONTACT US

PSTC Institute for Employment Support
Jahanara Valley, House # 56, Road # 01
Block-A, Aftabnagar, Badda, Dhaka-1212

PSTC Institute for Employment Support
(Masterbari, Mirzapur, Gazipur)

**POPULATION SERVICES AND TRAINING CENTER (PSTC)**
JAHANARA VALLEY, HOUSE # 56, ROAD # 01, BLOCK-A, AFTABNAGAR, BADDA, DHAKA-1212
MOBILE: **014 0447 2577**, E-MAIL: **pstc.pies@gmail.com**

Editor
**Dr. Noor Mohammad**

Consultant
**Saiful Huda**

Publication Coordinator
**Shuhash Mahmud**

Graphic Designer
**Zahida Huq Chaiti**

Photographer
**Hossain Anwar**

# Contents

PAGE 2
Demography meets Democracy: Youth Decides

PAGE 5
Women's Political Representation: A Democratic Gap That Demands Reform

PAGE 7
First-Ever Comprehensive National Urban Policy for Bangladesh

PAGE 8
PSTC's 36th AGM Held Governing Body for 2026–27 Elected

PAGE 10
NGOs After LDC Graduation: New Challenges, New Paths *- an insight*

**'Projanmo' Fouding Editor : Abdur Rouf**
Edited and published by
**Dr. Noor Mohammad**

Population Services and Training Center (PSTC).
PSTC Bhaban, House # 5, Main Road, Block–B,
Aftabnagar, Badda, Dhaka 1212, Bangladesh
Telephone Numbers: +880 2226602372–75
E-mail: projanmo@pstc-bgd.org

*This publication could be made possible with the assistance from the International Planned Parenthood Federation (IPPF) through its supported project FOCUS.*



# EDITORIAL

Bangladesh is set to observe a national election. 12 February, 2026, is now not only a date that holds the possibility of a change of power, but also a moment that will simultaneously reveal the strengths and weaknesses of our democracy. Looking at this election, two realities become clear. On the one hand, young people have become more important than at any other time in history. On the other hand, women are still struggling to gain entry to the main stage of politics.

Let's talk about the youth first. It is no secret that Bangladesh is a young country. But the 2026 election gives young people special importance, not only because of their numbers, but also because of their mindset. Where previous generations were steadfast in their political allegiances, today's youth ask questions. They look at whether there are jobs, what their future holds after their education, how much freedom of speech they have, and how accountable those in power are.

The roots of this change run deep. Every year, millions of young people enter the job market, but job opportunities are not increasing at the same rate. Educated unemployment, temporary jobs, and the lack of proper recognition of merit—these experiences have changed the way young people understand politics. For them, politics is no longer just about slogans; it is now directly connected to their daily lives.

We saw the manifestation of this attitude in the mass movement of 2024. Young people showed that if organized and voice-raised, they can change the course of national politics. That experience has given them confidence, and that confidence will translate into decisions at the ballot box in 2026.

But the story doesn't end there. Looking at the same election, another reality makes us uneasy: the picture of women's political representation. Amidst thousands of candidates, only a few percent of candidates in the upcoming election are women. Where half of the population is not represented in parliament, it is natural to question the completeness of democracy.

Most worrying is that this is not the failure of a single party. Many parties, despite fielding hundreds of candidates, have not nominated a single woman. Even in parties that claim to be progressive or movement-oriented, women have fallen behind during election time. They are at the forefront of movements, but they are almost invisible on the ballot lists.

A common argument heard here is that there are no qualified women. But reality says otherwise. Women are leading in all sectors: society, economy, NGOs, education, and health. The problem is not one of competence; the problem is structural. The mandatory inclusion of women in the Representation of the People Order remains only on paper. The deadline has been extended, but the mindset has not changed. As a result, women's presence in parliament often remains symbolic.

These two realities—the rise of young people and the absence of women in politics—together confront us with a major question. Do we want a democracy where the new generation makes decisions, but half of society is not represented? Or do we want to build a political culture where both young people and women can participate equally?

The 2026 election is an opportunity to answer that question. If young voters demand not only their own future but also an inclusive political system; if voters ask the parties where the women are and why they are absent, then the path to change will open.

Ultimately, this election is not limited to the calculation of who wins and who loses. It is actually a test. It is a test of how much political parties can change, how inclusive society wants to be, and how truly representative democracy is becoming. Our question is very simple: Do we just want to cast our votes, or do we want to build a democracy that truly includes everyone? The 2026 election is seeking the answer to that question.

Editor



By the courtesy of : BDNews24.com

# Demography meets Democracy: Youth Decides

Dr. Noor Mohammad

As Bangladesh heads toward the national election scheduled for 12 February 2026, one political reality is unmistakable: the youth will be the decisive factor in forming the next government. In numerical strength, political consciousness, and collective agency,young people—particularly Generation Z—have emerged as the most influential force shaping the country's electoral future.

**A Demographic Force No Party Can Ignore**

Bangladesh today is a young nation. Nearly one-third of the population is between 15 and 35 years of age, translating into over 25 million youth voters, including a large cohort of first-time voters. In an electoral landscape where marginal vote swings determine parliamentary outcomes, this block alone has the capacity to tilt results across dozens of constituencies.

Unlike previous elections, youth participation in 2026 is expected to be both high and purposeful. Surveys consistently show strong voting intent among young citizens, indicating that youth will not merely register

dissatisfaction but will actively express it at the ballot box.

**Employment, Merit, and the Politics of Frustration**

Youth political behavior is being shaped less by ideology and more by lived experience - particularly employment insecurity and perceived injustice. Each year, millions of young Bangladeshis enter the labor market, yet formal job creation lags behind demand. Educated unemployment, underemployment, and the erosion of merit-based opportunities have become defining realities for this generation.

The public sector recruitment system, especially contentious quota arrangements, crystallized these frustrations. For many young people, the issue was not simply jobs, but fairness, transparency, and dignity. This sentiment has fundamentally altered how youth assess political leadership: performance, accountability, and reform credibility now matter more than legacy loyalty.

**Gen-Z and the 2024 Mass Movement: A Political Awakening**

The 2024 mass movement, led overwhelmingly by students and Gen-Z activists, marked a historic turning point in Bangladesh's political trajectory. What began as a protest against discriminatory job quotas rapidly evolved into a broader movement demanding accountability, rule of law, and responsive governance.

This was not a spontaneous eruption but the outcome of years of accumulated discontent.Gen-Z demonstrated an unprecedented level of organization, discipline, and political awareness—mobilizing through digital platforms, shaping national narratives, and sustaining momentum despite repression. The movement ultimately contributed to a major political rupture, proving that youth are no longer peripheral actors but nation-shaping stakeholders.

Most importantly, 2024 transformed youth political consciousness. A generation that once felt excluded from decision-making discovered its collective power—and that awareness will carry directly into the 2026 election.


**From Street to Ballot: Youth as Strategic Voters**

Unlike older voter groups, youth are less ideologically fixed and more issue-driven. Employment, cost of living, education reform, freedom of expression, and governance integrity dominate their priorities. Many remain undecided, making them highly responsive to credible policy commitments—and highly punitive toward empty rhetoric.

This fluidity makes youth the ultimate swing constituency. Parties that articulate realistic pathways for job creation, skills development, and institutional reform will gain youth confidence.

Those perceived as dismissive, exclusionary, or






By the courtesy of : Prothom Alo

disconnected risk electoral rejection, regardless of historical dominance.

**Why the 2026 Election Hinges on Youth**

The upcoming election will not be decided solely by party machinery or traditional vote banks. It will be shaped by:

- Youth turnout, particularly first-time voters;
- Youth alignment, especially in urban and semi-urban constituencies;
- Youth influence on families and communities, amplifying their electoral impact beyond their own votes.

In close contests, youth participation will be the difference between victory and defeat.

**Conclusion: The Mandate of a Generation**

Bangladesh's youth—energized by demographic strength, sharpened by economic realities, and awakened by the 2024 mass movement—are poised to determine who governs the country after February 2026. This election will test whether political actors have truly understood the message young people are sending: governance must be fair, opportunities must be real, and leadership must be accountable.

The party that listens, adapts, and delivers on these expectations will not only win an election—it will earn the mandate of a generation.

The writer is the Editor of Projanmo Kotha and he could be reached at noor.m@pstc-bgd.org





# Women's Political Representation: A Democratic Gap That Demands Reform

Dr. Sima Bhowmik

As Bangladesh prepares for the national election scheduled for February 12, newly released Election Commission data has once again highlighted a persistent democratic gap: the limited participation of women in electoral politics. Of the 51 political parties contesting the polls, 30 have nominated no female candidates at all, underscoring how far the country still needs to go to translate women's public engagement into formal political representation.

Out of 2,568 aspirants nationwide, only 109—just over 4 percent—are women. Among them, 72 were nominated by political parties, while the rest are independent candidates.

This imbalance stands in sharp contrast to women's demographic and social reality: they constitute half of the population and are often at the forefront of social movements, community organizing, and economic activity.

The absence of women is particularly visible among several parties that submitted hundreds of nominations without a single female candidate. This pattern is not limited to smaller or ideologically conservative parties; it reflects a broader political culture where women's leadership remains marginal during elections, even when their participation is prominent during movements and protests.

Jesmin Tuli, a member of the Electoral Reform Commission, aptly observes that elections in Bangladesh remain "deeply male-dominated." Financial constraints, entrenched social attitudes, security concerns, and the lack of institutional support continue to discourage women from contesting polls. As a result, many of the women who do enter electoral politics tend to come from established political families, while grassroots female leaders struggle to gain party backing.

Even among the 21 parties that nominated women, inclusion remains modest. No party has fielded more than 10 female candidates. BNP—despite being led by a woman for decades—nominated only 10 women out of 328 aspirants. Parties emerging

from mass movements with strong female participation have also shown limited progress in translating activism into electoral opportunity.

This reality raises important questions about internal party democracy. The Representation of the People Order (RPO), 1972, mandates that political parties reserve at least 33 percent of committee positions for women. Yet most parties remain far from meeting this requirement, despite the Election Commission extending the deadline to 2030. Observers argue that without women in meaningful decision-making roles within party structures, electoral nominations are unlikely to change.

Civil society voices have described the situation as disappointing but not unexpected. Women contribute significantly to the economy and public life, yet their representation in parliamentary politics remains symbolic. As Shireen Huq of the Women's Affairs Reform Commission notes, this is a reflection of a long-standing male-dominated political culture rather than a lack of capable women leaders.

At the same time, the debate has opened space for constructive reform. Proposals such as a 50–50 representation model—where each constituency would include both a general and a women's seat elected through direct voting—offer one possible pathway toward structural change. While ambitious, such ideas underline a growing recognition that incremental measures alone may not be sufficient.

Looking ahead, increasing women's participation in decision-making will require coordinated action: political parties must invest in women candidates, ensure access to campaign financing, strengthen women's wings beyond symbolic roles, and actively mentor grassroots female leaders. The Election Commission and reform bodies can further incentivize compliance with legal requirements, while voters and youth movements can play a critical role by demanding inclusive politics.

The current election cycle presents a sobering picture—but also an opportunity. Bridging the gap between women's visibility in public life and their presence in elected office is not only a question of equity; it is central to the credibility and quality of Bangladesh's democracy.

■ The writer is the Assistant Research Professor of University of Vermont and she could be reached at sima.bhowmik@uvm.edu





By the courtesy of : UNDP

# First-Ever Comprehensive National Urban Policy for Bangladesh

After more than two decades of delay, Bangladesh has approved its first comprehensive National Urban Development Policy–2025, marking a significant policy milestone in managing the country's rapid and largely unplanned urbanization.

Approved at an Advisory Council meeting chaired by Chief Adviser Prof Muhammad Yunus, the policy aims to promote climate-resilient, inclusive, and liveable cities at a time when urban areas house 32 percent of the population but generate over 60 percent of national output.

## AT A GLANCE

- Policy focuses on decentralisation of cities and towns
- National Urban Development Council to be formed
- Cities classified into four categories by population
- Industrial growth discouraged in megacities
- Investment encouraged in metropolitan and smaller towns
- Policy to guide housing, transport, waste management, urban planning

The absence of a unified urban policy since independence has contributed to uncontrolled city growth, infrastructure stress, environmental degradation, and rising climate risks. The new policy seeks to address these challenges through decentralization, planned land use, improved housing, transport, and waste management, and by redefining the functional roles of cities.

Cities have been categorized into four tiers—megacities, metropolitan cities, district towns, and small towns—with differentiated development strategies. Industrial expansion will be discouraged in megacities to reduce population pressure, while investment and employment opportunities will be promoted in regional and secondary cities to balance growth.

A National Urban Development Council, with the Local Government Division as its secretariat, will oversee coordination and implementation. Although the policy is not legally binding, urban planners view it as a long-overdue framework that can guide future laws, investments, and master plans.

Drafted with UNDP support and UK funding, the policy acknowledges that unplanned urbanization has intensified housing shortages, water stress, waste mismanagement, and climate vulnerability. Its effectiveness, however, will depend on political commitment, institutional coordination, and timely regulatory follow-up.

PK News Desk




# PSTC's 36th AGM Held| Governing Body for 2026–27 Elected

The Population Services and Training Center (PSTC) successfully held its 36th Annual General Meeting (AGM) on 20 December 2025 at PSTC Bhaban in Aftabnagar.

The AGM approved the Annual Program and Audited Financial Reports, endorsed the budget for 2026, and reviewed PSTC's growing impact in integrated health services, youth-led sexual and reproductive health and rights (SRHR) initiatives, and humanitarian response. Members appreciated the organization's continued emphasis on strong governance, regulatory compliance, and financial discipline.

During the meeting, PSTC formally honored its Executive Director, Dr. Noor Mohammad, with the PSTC Stewardship Award, recognizing his visionary leadership and dedicated stewardship that have strengthened PSTC's national standing and advanced its international recognition, leaving a lasting institutional legacy.

Members also acknowledged key organizational milestones, including PSTC's continued affiliation with the International Planned Parenthood Federation (IPPF) and the consolidation of its own permanent organizational home at PSTC Bhaban.

The AGM unanimously elected the Governing Body for the 2026–2027 term. Ms. Sanjeeda Islam was re-elected as Chairperson, Ms. Gitali Badrunnessa Hasan as Vice Chairperson, and Mr. Badrul Munir as Treasurer, alongside a diverse and inclusive Board with youth representation.

With renewed leadership and collective commitment, PSTC looks ahead with a strong focus on quality, innovation, and long-term sustainability.



■ PK News Desk

# Meeting premises for Rent in Green Outskirts of Dhaka

# Gazipur Complex

**POPULATION SERVICES AND TRAINING CENTER (PSTC)**

## Facilities

PSTC has five training rooms adequate for five groups of trainees. The rooms are air-conditioned, decorated and brightened up with interested posters and educational charts. Multi-midea projector, video camera, still camera and multiple easel boards are available in the classrooms. There are dormitory facilities for accommodating 60 persons in Gazipur Complex. Transport facilities are also available for the trainees for field and site visits.

## General information

Interested organizations are requested to contact PSTC.

We are always ready to serve our valued clients with all our expertise and resources.

## Hall Rooms

- 1st Floor: AC, 30-40 capacity, Whiteboard, Flip Board, Wi-Fi
- 2nd Floor (Half): AC, 40-50 capacity, Whiteboard, Flip Board, Wi-Fi
- 2nd Floor (Full): AC, 150-200 capacity, Whiteboard, Flip Board, Wi-Fi

## Accommodation


- Standard Deluxe Room (Couple bed): AC, Room Service, Wi-Fi
- Standard Twin Bed: AC, Room Service, Wi-Fi
- 4-Bedded Single Room: Room Service, Wi-Fi

## Additional Amenities

- Multimedia with Screen
- Laptop
- Sound System (Small and Large Events)

pstc
working for population & development

POPULATION SERVICES AND TRAINING CENTER (PSTC)
Address: PSTC Complex, Masterbari, Nanduain, Kaultia, Gazipur Sadar, Gazipur
Phone: +88 01 303 671683, +88 02 222294386, E-mail: pstc@pstc-bgd.org, Website: www.pstc-bgd.org




# NGOs After LDC Graduation: New Challenges, New Paths

*-an insight*

Bangladesh is often described as the "land of NGOs." Emerging from post-war relief and rehabilitation efforts, the sector has evolved into a vital development partner, delivering services in health, education, family planning, human rights, gender equity, climate adaptation, and humanitarian response. However, the country's graduation from Least Developed Country (LDC) status and the steady contraction of international donor funding have placed the NGO sector under unprecedented pressure.

In an interview published in Bonik Barta, Dr. Noor Mohammad, Executive Director of the Population Services and Training Center (PSTC), observes that Bangladesh's NGOs remain largely donor-dependent—despite long-standing signals that this funding model would not be sustainable. Donor priorities shift over time, and political changes in donor countries can abruptly halt funding. The consequences are already visible: disruptions in essential services such as family planning and health care, reduced access to contraceptives, and rising unemployment among skilled development professionals.

Dr. Noor emphasizes that NGOs are not competitors to the state but complementary actors. Yet, without a coordinated national strategy for the sector, the burden of adjustment falls disproportionately on NGOs themselves. Funding cuts have not only weakened service delivery but also eroded job security, threatening institutional memory and professional expertise.


To navigate this transition, he highlights three strategic imperatives. First, NGOs must gradually reduce donor dependency by developing sustainable income-generating mechanisms—an approach aimed at preserving social services rather than commercializing them. Second, strong governance is essential, with transparent relationships between boards and management based on accountability rather than control. Third, development initiatives must be rooted in communities, ensuring "programmatic sustainability" so that interventions continue even in the absence of donors or NGOs.

On microcredit, Dr. Noor notes its significant role in women's empowerment, particularly in strengthening women's decision-making power within households. However, he cautions that its broader impact on long-term development priorities requires deeper analysis.

He concludes with a compelling metaphor: Bangladesh's NGO sector is like a healthy sapling—it needs transparency as nourishment, effective regulation as protection, and public trust as sunlight. The balance among these elements will determine whether the sector merely survives or successfully reinvents itself in a rapidly changing development landscape.




By the courtesy of : Banik Barta



প্রজন্ম কথা

Voice of the Generation

PROJANMO KOTHA

জানুয়ারি ২০২৬

# জনমিতি ও গণতন্ত্র সিদ্ধান্তে তরুণেরা

## নারীর রাজনৈতিক প্রতিনিধিত্ব

গণতন্ত্রের ঘাটতি মেটাতে প্রয়োজন সংস্কার

# পিএসটিসি
# কমিউনিটি প্যারামেডিক ট্রেনিং ইন্‌স্টিটিউট



# ভর্তি চলছে

পপুলেশন সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার (পিএসটিসি) পরিচালিত

**কমিউনিটি প্যারামেডিক কোর্স**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক অধিভুক্ত ও নিবন্ধিত কোর্স

## কোর্স সংক্রান্ত তথ্যাবলী

২ বছর মেয়াদী কমিউনিটি প্যারামেডিক কোর্স
৬ মাসে ১টি সেমিস্টার হিসেবে মোট ৪টি সেমিস্টার

## ভর্তির সময় সূচি:

- আগে আসলে আগে ভর্তি হবেন, ভিত্তিতে সর্বোচ্চ ৬০ জন শিক্ষার্থী ভর্তি করা হয়
- প্রতিদিন (রবিবার – বৃহস্পতিবার) সকাল ১০ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত ক্লাস কার্যক্রম চলে
- কোর্স শেষে বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক সার্টিফিকেট ও রেজিস্ট্রেশন প্রদান করা হয়

## ভর্তির যোগ্যতা ও প্রয়োজনীয় কাগজপত্র



- এসএসসি বা সমমান পরীক্ষা পাশের সনদপত্রের সত্যায়িত ফটোকপি
- জন্মনিবন্ধন সনদ অথবা জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি
- চার (৪) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি

## কোর্স-কালীন সুবিধাসমূহ

- ভাল রেজাল্ট এর জন্য স্কলারশিপের ব্যবস্থা
- প্রয়োজনে নির্ধারিত ফি তে থাকার ব্যবস্থা
- উপযুক্ত উপকরণসহ শ্রেণিকক্ষ
- অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী দ্বারা পাঠদান
- পিএসটিসি কর্তৃক পরিচালিত নিজস্ব ক্লিনিকসমূহে ইন্টার্নশিপের সুব্যবস্থা

## কোর্স সম্পন্ন করার পর চাকুরীর সুবর্ণ সুযোগসমূহ

- স্বাস্থ্য সেবা খাতে দক্ষ জনবল তৈরীর মাধ্যমে সরকারি কর্মসূচী বাস্তবায়নে সরকারকে সহযোগিতা করা
- পিএসটিসি কর্তৃক পরিচালিত বিভিন্ন ক্লিনিকে ভাল বেতনে চাকুরীর সুবর্ণ সুযোগ
- সরকারী ও বেসরকারী হাসপাতাল, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কমিউনিটি ক্লিনিকে চাকুরীর সুযোগ
- সূর্যের হাসি, আরবান প্রাইমারি হেলথ কেয়ার এবং অন্যান্য এনজিও ক্লিনিকে চাকুরীর সুযোগ
- প্রাইভেট প্র্যাকটিশনার হিসাবে কাজ করতে পারবেন
- বিদেশে প্যারামেডিক হিসাবে কাজ করার সুযোগ পাবেন

## আর্থিক তথ্য (সেমিস্টার অনুযায়ী)

| ১ম সেমিস্টার | |
|---|---|
| ভর্তি ফি: | ১০,০০০/- |
| মাসিক বেতন: (৬X২০০০) | ১২,০০০/- |
| সেমিস্টার ফি: (১X৪০০০) | ৪০০০/- |
| সর্বমোট | ২৬,০০০/- |

| ২য় সেমিস্টার | |
|---|---|
| মাসিক বেতন: (৬X২০০০) | ১২,০০০/- |
| সেমিস্টার ফি: (১X৪০০০) | ৪,০০০/- |
| সর্বমোট | ১৬,০০০/- |

| ৩য় সেমিস্টার | |
|---|---|
| মাসিক বেতন: (৬X২০০০) | ১২,০০০/- |
| সেমিস্টার ফি: (১X৪০০০) | ৪,০০০/- |
| সর্বমোট | ১৬,০০০/- |

| ৪র্থ সেমিস্টার | |
|---|---|
| মাসিক বেতন: (৬X২০০০) | ১২,০০০/- |
| সেমিস্টার ফি: (১X৪০০০) | ৪০০০/- |
| প্র্যাকটিক্যাল ফি: | ১০,০০০/- |
| সর্বমোট | ২৬,০০০/- |

(ফাইনাল পরীক্ষার ফি বাংলাদেশ নার্সিং কাউন্সিল এর নিয়ম অনুযায়ী হবে যা ফাইনাল পরীক্ষার পূর্বে জানানো হয়)

pstc
working for population & development

**পপুলেশন সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার (পিএসটিসি)**
জাহানারা ভ্যালি, বাড়ী # ৫৬, রোড # ০১, ব্লক-এ, আফতাব নগর, বাড্ডা, ঢাকা-১২১২
ফোন: ০১৭২৪-৪০৫২৪৭, ০১৭২৯-৯৪৮২৭৩, E-mail: pstc.cpti@pstc-bgd.org, Website: www.pstc-bgd.org

প্রজন্ম কথা
Voice of the Generation
PROJANMO KOTHA
জানুয়ারি ২০২৬

সম্পাদক
**ড.নূর মোহাম্মদ**
কনসালট্যাণ্ট
**সায়ফুল হুদা**
পাবলিকেশনন কো-অর্ডিনেটর
**সুহাস মাহমুদ**
গ্রাফিক ডিজাইনার
**জাহিদা হক চৈতি**
আলোকচিত্র
**হোসেন আনোয়ার**

## সূচিপত্র

পৃষ্ঠা ০২
জনমিতি ও গনতন্ত্র:
সিদ্ধান্তে তরুণেরা

পৃষ্ঠা ০৫
নারীর রাজনৈতিক প্রতিনিধিত্ব:
গণতন্ত্রের ঘাটতি মেটাতে প্রয়োজন সংস্কার

পৃষ্ঠা ০৭
বাংলাদেশে প্রথম পূর্ণাঙ্গ জাতীয়
নগর উন্নয়ন নীতি

পৃষ্ঠা ০৮
পিএসটিসির ৩৬তম বার্ষিক সাধারণ সভা সম্পন্ন
২০২৬–২৭ মেয়াদের গভর্নিং বডি নির্বাচিত

পৃষ্ঠা ১০
এলডিসি উত্তরণে এনজিও খাত:
নতুন চ্যালেঞ্জ, নতুন পথ
*-এক অন্তর্দৃষ্টি*

প্রজন্ম প্রতিষ্ঠাতা সম্পাদক: আবদুর রউফ
প্রকাশক ও সম্পাদক
ড. নূর মোহাম্মদ

পপুলেশন সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার (পিএসটিসি)
পিএসটিসি ভবন, বাড়ি # ৫, মেইন রোড, ব্লক-বি
আফতাব নগর, বাড্ডা, ঢাকা-১২১২, বাংলাদেশ
টেলিফোন: +৮৮ ০২ ২২২৬৬০২৩৭২-৭৫
ই-মেইল: projanmo@pstc-bgd.org

এ প্রকাশনা সম্ভব হয়েছে ফোকাস প্রকল্পের মাধ্যমে
ইন্টারন্যাশনাল প্ল্যানড প্যারেন্টহুড ফেডারেশন (আইপিপিএফ)
-এর সহায়তায়

# সম্পাদকীয়

বাংলাদেশ আবারও একটি জাতীয় নির্বাচনের মুখোমুখি। ২০২৬ সালের ১২ ফেব্রুয়ারি তারিখটি এখন কেবল ক্ষমতা বদলের সম্ভাবনার দিন নয়, বরং আমাদের গণতন্ত্রের শক্তি ও দুর্বলতা একসঙ্গে উন্মোচিত হওয়ার একটি মুহূর্ত। এই নির্বাচনের দিকে তাকালে দুটি বাস্তবতা স্পষ্ট হয়ে ওঠে। একদিকে, তরুণরা ইতিহাসের যেকোনো সময়ের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। অন্যদিকে, নারীরা এখনো রাজনীতির মূল মঞ্চে প্রবেশের জন্য লড়াই করেই চলেছে।

প্রথমেই তরুণদের কথা বলা যাক। বাংলাদেশ আজ একটি তরুণপ্রধান দেশ এটা নতুন কোনো তথ্য নয়। কিন্তু ২০২৬ সালের নির্বাচন তরুণদের শুধু সংখ্যার কারণে নয়, মনোভাবের কারণেও আলাদা করে গুরুত্ব দিচ্ছে। আগের প্রজন্ম যেখানে রাজনৈতিক আনুগত্যে স্থির ছিল, সেখানে আজকের তরুণরা প্রশ্ন করে। তারা দেখে চাকরির সুযোগ আছে কি না, পড়াশোনার পর ভবিষ্যৎ কী, কথা বলার স্বাধীনতা কতটা, আর ক্ষমতাবানরা কতটা জবাবদিহিমূলক।

এই পরিবর্তনের শেকড় অনেক গভীরে। প্রতিবছর লাখ লাখ তরুণ শ্রমবাজারে ঢুকছে, কিন্তু চাকরির সুযোগ বাড়ছে না সেই হারে। শিক্ষিত বেকারত্ব, অস্থায়ী কাজ, মেধার যথাযথ মূল্যায়ন না হওয়া এই অভিজ্ঞতাগুলো তরুণদের রাজনীতি বোঝার ধরন বদলে দিয়েছে। তাদের কাছে রাজনীতি আর স্লোগানের বিষয় নয়; এটি এখন দৈনন্দিন জীবনের সঙ্গে সরাসরি যুক্ত।

এই মনোভাবের প্রকাশ আমরা দেখেছি ২০২৪ সালের গণআন্দোলনে। তরুণরা দেখিয়েছে—সংগঠিত হলে, নিজেদের কথা বললে, তারা জাতীয় রাজনীতির গতিপথ বদলে দিতে পারে। সেই অভিজ্ঞতা তাদের আত্মবিশ্বাস দিয়েছে, আর সেই আত্মবিশ্বাসই ২০২৬ সালের ব্যালট বাক্সে গিয়ে সিদ্ধান্তে রূপ নেবে।

কিন্তু এখানেই গল্প শেষ নয়। একই নির্বাচনের দিকে তাকালে আরেকটি বাস্তবতা আমাদের অস্বস্তিতে ফেলে নারীর রাজনৈতিক প্রতিনিধিত্বের চিত্র। হাজার হাজার প্রার্থীর ভিড়ে আগামী নির্বাচনে নারী প্রার্থী মাত্র কয়েক শতাংশ। অর্ধেক জনসংখ্যার প্রতিনিধিত্ব যেখানে সংসদে পৌঁছায় না, সেখানে গণতন্ত্রের পূর্ণতা নিয়ে প্রশ্ন ওঠাই স্বাভাবিক।

সবচেয়ে উদ্বেগের বিষয় হলো, এটি কোনো একক দলের ব্যর্থতা নয়। বহু দল শত শত প্রার্থী দিয়েও একজন নারীকে মনোনয়ন দেয়নি। এমনকি যে দলগুলো নিজেদের প্রগতিশীল বা আন্দোলনকেন্দ্রিক বলে দাবি করে, সেখানেও নির্বাচনের সময় নারীদেরকে পিছিয়ে রাখা হয়েছে। আন্দোলনে তারা সামনে, কিন্তু ব্যালটের তালিকায় তারা প্রায় অদৃশ্য।

এখানে প্রায়ই একটি যুক্তি শোনা যায় যোগ্য নারী নেই। কিন্তু বাস্তবতা তা বলে না। সমাজ, অর্থনীতি, এনজিও, শিক্ষা, স্বাস্থ্য সবখানেই নারীরা নেতৃত্ব দিচ্ছেন। সমস্যা যোগ্যতার নয়; সমস্যা কাঠামোর। গণপ্রতিনিধিত্ব আদেশে নারী অন্তর্ভুক্তির যে বাধ্যবাধকতা রয়েছে, সেটিও কাগজে-কলমেই রয়ে গেছে। সময় বাড়ানো হয়েছে, কিন্তু মানসিকতা বদলায়নি। ফলে সংসদে নারীর উপস্থিতি অনেক সময়ই প্রতীকীই থেকে যায়।

এই দুই বাস্তবতা তরুণদের উত্থান এবং নারীদের রাজনীতিতে অনুপস্থিতি একসঙ্গে আমাদের একটি বড় প্রশ্নের সামনে দাঁড় করায়। আমরা কি এমন একটি গণতন্ত্র চাই, যেখানে নতুন প্রজন্ম সিদ্ধান্ত নেবে, কিন্তু সমাজের অর্ধেক জনগোষ্ঠী প্রতিনিধিত্ব পাবে না? নাকি আমরা এমন একটি রাজনৈতিক সংস্কৃতি গড়তে চাই, যেখানে তরুণ ও নারী উভয়েই সমানভাবে অংশ নিতে পারবে?

২০২৬ সালের নির্বাচন সেই প্রশ্নের উত্তর দেওয়ার একটি সুযোগ। তরুণ ভোটাররা যদি কেবল নিজেদের ভবিষ্যৎ নয়, একটি অন্তর্ভুক্তিমূলক রাজনীতির দাবিও তোলে; যদি ভোটাররা দলগুলোর কাছে জানতে চায় নারীরা কোথায়, কেন নেই তাহলেই পরিবর্তনের পথ খুলবে।

শেষ পর্যন্ত এই নির্বাচন কেবল কে জিতল, কে হারল সেই হিসাবের মধ্যে সীমাবদ্ধ নয়। এটি আসলে একটি পরীক্ষা। রাজনৈতিক দলগুলো কতটা বদলাতে পারছে, সমাজ কতটা অন্তর্ভুক্তিমূলক হতে চাইছে, আর গণতন্ত্র কতটা বাস্তব অর্থে প্রতিনিধিত্বমূলক হয়ে উঠছে তারই পরীক্ষা। আমাদের প্রশ্নটা খুব সহজ: আমরা কি শুধু ভোট দিতে চাই, নাকি সত্যিকার অর্থে সবাইকে নিয়ে একটি গণতন্ত্র গড়তে চাই? ২০২৬ সালের নির্বাচন সেই প্রশ্নের উত্তর খুঁজছে।

সম্পাদকীয়



ছবি : বিডি নিউজ২৪.কম

# জনমিতি ও গনতন্ত্র : সিদ্ধান্তে তরুণেরা

ড.নূর মোহাম্মদ

২০২৬ সালের ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হতে যাচ্ছে বাংলাদেশের পরবর্তী জাতীয় নির্বাচন। নির্বাচনী প্রক্রিয়া যতই সামনে এগোচ্ছে, ততই একটি রাজনৈতিক বাস্তবতা স্পষ্ট হয়ে উঠছে—আগামী সরকার গঠনে তরুণরাই হবে নির্ণায়ক শক্তি। সংখ্যাগত আধিক্য, ক্রমবর্ধমান রাজনৈতিক সচেতনতা এবং সমষ্টিগত সক্রিয়তার কারণে তরুণরা, বিশেষত জেনারেশন জেড, দেশের নির্বাচনী ভবিষ্যৎ নির্ধারণে সবচেয়ে প্রভাবশালী শক্তিতে পরিণত হয়েছে।

## রাজনীতির কেন্দ্রে জনতাত্ত্বিক শক্তি

আজকের বাংলাদেশ একটি তরুণপ্রধান রাষ্ট্র। মোট জনসংখ্যার প্রায় এক-তৃতীয়াংশের বয়স ১৫ থেকে ৩৫ বছরের মধ্যে, যা ২ কোটি ৫০ লাখেরও বেশি তরুণ ভোটারের প্রতিনিধিত্ব করে—এর মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক প্রথমবারের ভোটার রয়েছে। এমন এক নির্বাচনী প্রেক্ষাপটে, যেখানে সামান্য ভোটের ব্যবধানেই সংসদের আসন নির্ধারিত হয়, এই বিশাল ও সমন্বিত ভোটব্যাংক একাই ডজনখানেক আসনে ফলাফল পাল্টে দেওয়ার সক্ষমতা রাখে।

পূর্ববর্তী নির্বাচনগুলোর তুলনায় ২০২৬ সালে তরুণদের অংশগ্রহণ শুধু বেশি নয়, বরং আরও সচেতন ও উদ্দেশ্যপ্রণোদিত হবে বলেই ইঙ্গিত মিলছে। ধারাবাহিক জরিপে দেখা যাচ্ছে, তরুণ নাগরিকদের মধ্যে ভোটদানের আগ্রহ স্পষ্টভাবে বৃদ্ধি পেয়েছে। এর অর্থ হলো, তারা আর কেবল অসন্তোষ প্রকাশে সীমাবদ্ধ থাকবে না; বরং ব্যালট বাক্সে গিয়ে সেই অবস্থানকে সক্রিয় রাজনৈতিক সিদ্ধান্তে রূপ দেবে।

## কর্মসংস্থান, মেধা ও হতাশার রাজনীতি

তরুণদের রাজনৈতিক আচরণ এখন আর আদর্শগত অবস্থানের ভিত্তিতে প্রভাবিত হচ্ছে না। বরং তারা দেশ এবং দেশের অবস্থা বিবেচনা করছে তাদের বাস্তব জীবনের অভিজ্ঞতা দ্বারা—বিশেষ করে কর্মসংস্থানের অনিশ্চয়তা এবং সমাজজুড়ে যে অন্যায় হচ্ছে তার দ্বারা। এখনো প্রতিবছর লাখ লাখ তরুণ বাংলাদেশি শ্রমবাজারে প্রবেশ করলেও, আনুষ্ঠানিক কর্মসংস্থানের সুযোগ সেই চাহিদার তুলনায় অনেক পিছিয়ে। শিক্ষিত বেকার, আংশিক কর্মসংস্থান এবং মেধাভিত্তিক সুযোগের ক্ষয় এই প্রজন্মের বাস্তবতা হয়ে দাঁড়িয়েছে।

এই প্রেক্ষাপটে সরকারি নিয়োগ ব্যবস্থা, বিশেষ করে বিতর্কিত কোটা কাঠামো, তরুণদের হতাশা ও অসন্তোষকে আরও তীব্র করে তুলেছে। অনেকের কাছে এটি কেবল চাকরি পাওয়া বা না-পাওয়ার প্রশ্ন নয়; বরং এটি ন্যায্যতা, স্বচ্ছতা এবং ব্যক্তিগত মর্যাদার সঙ্গে গভীরভাবে যুক্ত একটি বিষয় হয়ে দাঁড়িয়েছে। এসব অভিজ্ঞতা তরুণদের রাজনৈতিক নেতৃত্ব মূল্যায়নের মানদণ্ড আমূল বদলে দিয়েছে। এখন উত্তরাধিকারসূত্রে আনুগত্যের চেয়ে পারফরম্যান্স, জবাবদিহি এবং সংস্কার বাস্তবায়নের বিশ্বাসযোগ্যতাই তাদের কাছে অধিক গুরুত্ব পাচ্ছে।

## জেন-জেড ও ২০২৪ সালের গণআন্দোলন: এক রাজনৈতিক জাগরণ

আমরা সবাই জানি, ২০২৪ সালের গণআন্দোলন তরুণ শিক্ষার্থী ও জেন-জেড কর্মীদের নেতৃত্বে সংগঠিত হয়েছিল যা বাংলাদেশের রাজনৈতিক গতিপথে একটি ঐতিহাসিক মোড় সৃষ্টি করেছে। বৈষম্যমূলক চাকরি কোটা ব্যবস্থার বিরুদ্ধে শুরু হওয়া এই আন্দোলন সেসময় দ্রুতই রূপ নেয় জবাবদিহি, আইনের শাসন ও জনদায়বদ্ধ শাসনব্যবস্থার দাবিতে এক বৃহত্তর সংগ্রামে।

এই আন্দোলন কোনো হঠাৎ বিস্ফোরণ ছিল না; বরং এটি ছিল বছরের পর বছর জমে থাকা অসন্তোষের ফল। জেন-জেড নজিরবিহীন সংগঠন দক্ষতা, শৃঙ্খলা ও রাজনৈতিক সচেতনতার পরিচয় দেয়—ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে তারা জাতীয় আলোচনার দিকনির্দেশনা দেয়, দমন-পীড়নের মধ্যেও আন্দোলনের গতি ধরে রাখে। শেষ পর্যন্ত এই আন্দোলন একটি বড় রাজনৈতিক ভাঙন সৃষ্টি করে, প্রমাণ করে যে তরুণরা আর প্রান্তিক নয়;তারা এখন রাষ্ট্র গঠনের কেন্দ্রীয় অংশীজ।

সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো, ২০২৪ সাল তরুণদের রাজনৈতিক চেতনাকে আমূল বদলে দিয়েছে। যারা একসময় সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া থেকে নিজেদের বাদ পড়া মনে করত, তারা নিজেদের সমষ্টিগত শক্তি আবিষ্কার করেছে—এবং সেই উপলব্ধি সরাসরি প্রভাব ফেলবে ২০২৬ সালের নির্বাচনে।

## রাজপথ থেকে ব্যালট: কৌশলগত ভোটার হিসেবে তরুণরা

বয়স্ক ভোটার গোষ্ঠীর তুলনায় তরুণরা আদর্শগতভাবে কম বরং নির্দিষ্ট বিষয় বা ইস্যু দ্বারা বেশি প্রভাবিত হয়। পযালোচনায় দেখা যায় তরুণরা কর্মসংস্থান, জীবনযাত্রার ব্যয়, শিক্ষা সংস্কার, মতপ্রকাশের স্বাধীনতা ও শাসনব্যবস্থার সততা—এই বিষয়গুলোই অগ্রাধিকার দেয় সিদ্ধান্ত গ্রহণের বেলায়। এসব কারণে আদতে তরুণদের সিদ্ধান্তহীন মনে হলেও, বাস্তবে তারা বিশ্বাসযোগ্য নীতিগত প্রতিশ্রুতির প্রতি দ্রুত সাড়া দেয়—এবং বুলি কপচানো ফাঁপা বক্তব্যের ক্ষেত্রে নেতিবাচক প্রতিক্রিয়া জানায়। অনেকের কাছেই এই পরিবর্তনশীলতা তরুণদের চূড়ান্ত 'সুইং কনস্টিটুয়েন্সি'তে পরিণত করেছে। কিন্তু বাস্তবতা হলো, যে দলগুলো বাস্তবসম্মত কর্মসংস্থান সৃষ্টি, দক্ষতা উন্নয়ন ও প্রাতিষ্ঠানিক সংস্কারের পথ দেখাতে পারবে, তারাই তরুণদের আস্থা অর্জন করতে সক্ষম হবে। আর যারা তরুণদের দাবিকে অবজ্ঞা করবে বা বিচ্ছিন্ন বলে প্রতীয়মান হবে, তারা অতীতের আধিপত্য সত্ত্বেও প্রত্যাখ্যাত হওয়ার ঝুঁকিতে থাকবে।


## ২০২৬ সালের নির্বাচন কেন তরুণদের উপর নির্ভরশীল?

আসন্ন নির্বাচন কেবল দলীয় যন্ত্রশক্তি বা ঐতিহ্যগত ভোটব্যাংকের ওপর নির্ভর করে নির্ধারিত হবে না। এটি নির্ধারিত হবে—

• তরুণদের ভোটদানের হার, বিশেষ করে প্রথমবারের ভোটারদের অংশগ্রহণ;

• তরুণদের রাজনৈতিক অবস্থান, বিশেষত শহর ও আধা-শহর এলাকায়;






সৌজন্যে : প্রথম আলো

• পরিবার ও সম্প্রদায়ের ওপর তরুণদের প্রভাব, যা তাদের ভোটের প্রভাবকে আরও বিস্তৃত করে।

হাড্ডাহাড্ডি প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ নির্বাচনে তরুণদের অংশগ্রহণই জয়-পরাজয়ের পার্থক্য গড়ে দেবে।


## উপসংহার: তরুণ প্রজন্মের ম্যান্ডেট

জনতাত্ত্বিক শক্তিতে বলীয়ান, অর্থনৈতিক বাস্তবতায় শাণিত এবং ২০২৪ সালের গণআন্দোলনে জাগ্রত—বাংলাদেশের তরুণরাই ২০২৬ সালের ফেব্রুয়ারির পর দেশ কে শাসন করবে, তা নির্ধারণ করতে প্রস্তুত। এই নির্বাচন রাজনৈতিক দলগুলোর জন্য একটি বড় পরীক্ষা। কারণ তরুণরা সেই রাজনৈতিক শক্তিকেই গ্রহণ করবে যারা তরুণদের বার্তা সঠিকভাবে বুঝতে সক্ষম হয়েছে এবং তরুণদের ঘিরে কার্যপরিকল্পনা গ্রহণ করতে পেরেছে। তরুণদের মতে, শাসন হতে হবে ন্যায্য, সুযোগ হতে হবে বাস্তব, আর নেতৃত্ব হতে হবে জবাবদিহিমূলক।

যে দল এই প্রত্যাশাগুলো শুনবে, নিজেকে বদলাবে এবং বাস্তবায়ন করবে, তারা শুধু একটি নির্বাচন জিতবে না—তারা অর্জন করবে একটি প্রজন্মের ম্যান্ডেট।

■ লেখক প্রজন্ম কথা-এর সম্পাদক এবং তাঁর সঙ্গে প্রয়োজনে noor.m@pstc-bgd.org এই ই-মেইলে যোগাযোগ করা যেতে পারে।





# নারীর রাজনৈতিক প্রতিনিধিত্ব: গণতন্ত্রের ঘাটতি মেটাতে প্রয়োজন সংস্কার

ড. সীমা ভৌমিক

আগামী ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিতব্য জাতীয় নির্বাচনের আগে নির্বাচন কমিশনের সর্বশেষ তথ্য আবারও দেখিয়ে দিয়েছে বাংলাদেশের গণতন্ত্রের একটি পুরোনো সমস্যা—নির্বাচনী রাজনীতিতে নারীর সীমিত অংশগ্রহণ। নির্বাচনে অংশ নেওয়া ৫১টি রাজনৈতিক দলের মধ্যে ৩০টি দলই কোনো নারী প্রার্থী মনোনয়ন দেয়নি। এর ফলে স্পষ্ট হয় যে, সমাজ ও জনজীবনের নানা ক্ষেত্রে নারীর দৃশ্যমান উপস্থিতি থাকলেও তা এখনো প্রাতিষ্ঠানিক রাজনৈতিক প্রতিনিধিত্বে যথাযথভাবে প্রতিফলিত হচ্ছে না।

সারা দেশে মোট ২,৫৬৮ জন প্রার্থীর মধ্যে নারী মাত্র ১০৯ জন, যা মোট প্রার্থীর মাত্র ৪ দশমিক ২৪ শতাংশ। তাঁদের মধ্যে ৭২ জন রাজনৈতিক দলের মনোনীত প্রার্থী, আর বাকিরা স্বতন্ত্র। এই চিত্র দেশের সামাজিক বাস্তবতার সঙ্গে স্পষ্টভাবে সাংঘর্ষিক, কারণ বাংলাদেশে নারী জনসংখ্যার অর্ধেক এবং সামাজিক আন্দোলন, কমিউনিটি সংগঠন ও অর্থনৈতিক কর্মকাণ্ডে তাঁদের সক্রিয় ও দৃশ্যমান ভূমিকা রয়েছে।

উল্লেখযোগ্যভাবে, অনেক রাজনৈতিক দল শত শত প্রার্থী মনোনয়ন দিলেও একজন নারী প্রার্থীও সামনে আনেনি। এই প্রবণতা কেবল ছোট বা নির্দিষ্ট মতাদর্শভিত্তিক দলের মধ্যেই সীমাবদ্ধ নয়; বরং এটি একটি বিস্তৃত রাজনৈতিক সংস্কৃতির প্রতিফলন, যেখানে আন্দোলন ও সামাজিক পরিসরে নারীদের উপস্থিতি স্বীকৃত হলেও নির্বাচনের সময় তাঁদের পেছনে সরিয়ে রাখা হয়।

নির্বাচন সংস্কার কমিশনের সদস্য জেসমিন তুলির মতে, বাংলাদেশের নির্বাচন ব্যবস্থা এখনো 'পুরুষতান্ত্রিক'। আর্থিক সীমাবদ্ধতা, সামাজিক দৃষ্টিভঙ্গি, নিরাপত্তাজনিত ঝুঁকি এবং প্রাতিষ্ঠানিক সহায়তার অভাব নারীদের নির্বাচনে অংশগ্রহণকে নিরুৎসাহিত করে। এর ফলে যেসব নারী নির্বাচনে আসেন, তাঁদের একটি বড় অংশ রাজনৈতিক পরিবারের সদস্য। তৃণমূল থেকে উঠে আসা নারী নেত্রীদের জন্য দলীয় সমর্থন পাওয়া এখনো একটি বড় চ্যালেঞ্জ।

যে ২১টি রাজনৈতিক দল নারী প্রার্থী মনোনয়ন দিয়েছে, সেখানেও সংখ্যাটি অত্যন্ত সীমিত। কোনো দলই ১০ জনের বেশি নারী প্রার্থী দেয়নি। চার দশকেরও বেশি সময় ধরে নারী নেতৃত্বাধীন দেশের একটি বৃহৎ রাজনৈতিক দলও ৩০০ আসনের জন্য ৩২৮ জন প্রার্থীর মধ্যে মাত্র

১০ জন নারীকে মনোনয়ন দিয়েছে। এমনকি গণআন্দোলনের মধ্য দিয়ে গড়ে ওঠা দলগুলোর ক্ষেত্রেও নারী কর্মীদের সক্রিয় ভূমিকা নির্বাচনী রাজনীতিতে যথাযথভাবে প্রতিফলিত হয়নি।

এই বাস্তবতা রাজনৈতিক দলগুলোর অভ্যন্তরীণ গণতন্ত্র নিয়ে গুরুতর প্রশ্ন তোলে। গণপ্রতিনিধিত্ব আদেশ (আরপিও), ১৯৭২ অনুযায়ী দলীয় কমিটির অন্তত ৩৩ শতাংশ পদে নারী অন্তর্ভুক্ত করার বাধ্যবাধকতা থাকলেও প্রায় সব দলই এখনো এ লক্ষ্য অর্জনে ব্যর্থ। যদিও নির্বাচন কমিশন এই সময়সীমা ২০৩০ সাল পর্যন্ত বাড়িয়েছে, বাস্তব অগ্রগতি খুবই সীমিত রয়ে গেছে।

সুশীল সমাজের প্রতিনিধিদের মতে, এই চিত্র হতাশাজনক হলেও অপ্রত্যাশিত নয়। অর্থনীতি ও সমাজে নারীর অবদান ব্যাপক হলেও সংসদীয় রাজনীতিতে তাঁদের উপস্থিতি এখনো অনেকাংশেই প্রতীকী। নারী বিষয়ক সংস্কার কমিশনের প্রধান শিরীন হক মনে করেন, এটি দক্ষ নারী নেতৃত্বের অভাব নয়; বরং দীর্ঘদিনের পুরুষতান্ত্রিক রাজনৈতিক সংস্কৃতিরই বহিঃপ্রকাশ।

একই সঙ্গে এই আলোচনা ভবিষ্যতমুখী সংস্কারের সম্ভাবনাও সামনে এনেছে। প্রতিটি আসনে একটি সাধারণ আসনের পাশাপাশি নারীদের জন্য একটি সংরক্ষিত আসন রেখে সরাসরি ভোটের মাধ্যমে নির্বাচন—এ ধরনের ৫০–৫০ প্রতিনিধিত্বের প্রস্তাব কাঠামোগত পরিবর্তনের একটি সম্ভাব্য পথ দেখায়। প্রস্তাবটি উচ্চাভিলাষী হলেও এটি স্পষ্ট করে দেয় যে ধাপে ধাপে নেওয়া সীমিত উদ্যোগ আর যথেষ্ট নাও হতে পারে।

আগামী দিনে সিদ্ধান্ত গ্রহণের স্তরে নারীর অংশগ্রহণ বাড়াতে হলে সমন্বিত উদ্যোগ জরুরি। রাজনৈতিক দলগুলোকে নারী প্রার্থীদের জন্য আর্থিক সহায়তা নিশ্চিত করতে হবে, দলীয় নারী সংগঠনগুলোকে প্রতীকী কাঠামোর বাইরে এনে কার্যকর করতে হবে এবং তৃণমূল পর্যায়ে নারী নেতৃত্ব গড়ে তুলতে বিনিয়োগ বাড়াতে হবে। একই সঙ্গে নির্বাচন কমিশন ও সংস্কারমূলক প্রতিষ্ঠানগুলোর পাশাপাশি ভোটার এবং তরুণ সমাজেরও দায়িত্ব রয়েছে অন্তর্ভুক্তিমূলক রাজনীতির দাবি জোরালোভাবে তোলার।

চলমান নির্বাচনী প্রক্রিয়া একটি বাস্তবচিত্র তুলে ধরেছে, তবে এটি একই সঙ্গে একটি সুযোগও। জনজীবনে নারীর দৃশ্যমান উপস্থিতি এবং নির্বাচিত প্রতিনিধিত্বের মধ্যকার ব্যবধান কমানো কেবল ন্যায়সংগততার প্রশ্ন নয়; এটি বাংলাদেশের গণতন্ত্রের মান, গভীরতা ও বিশ্বাসযোগ্যতার সঙ্গেও সরাসরি সম্পর্কিত।

■ লেখক ভারমন্ট বিশ্ববিদ্যালয়ের সহকারী গবেষণা অধ্যাপক এবং তাঁর সঙ্গে প্রয়োজনে প্রয়োজনে sima.bhowmik@uvm.edu এই ই-মেইলে যোগাযোগ করা যেতে পারে।





■ সৌজন্য : ইউএনডিপি

# বাংলাদেশে প্রথম পূর্ণাঙ্গ জাতীয় নগর উন্নয়ন নীতি

দীর্ঘ ২১ বছরের অপেক্ষার পর বাংলাদেশে প্রথমবারের মতো জাতীয় নগর উন্নয়ন নীতি–২০২৫ অনুমোদিত হলো, যা দেশের দ্রুত ও অপরিকল্পিত নগরায়ণ ব্যবস্থাপনায় একটি গুরুত্বপূর্ণ নীতিগত মাইলফলক হিসেবে বিবেচিত হচ্ছে।

## এক নজরে

| |
|---|
| শহর ও নগর বিকেন্দ্রীকরনে নজর দেয়া হয়েছে এই নীতিতে |
| জাতীয় নগর উন্নয়ন পরিষদ গঠনের প্রস্তাব করা হয়েছে |
| জনসংখ্যা অনুযায়ী নগর গুলোকে চারটি শ্রেণীতে ভুক্ত করার প্রস্তাব রয়েছে |
| বড় বড় নগরে শিল্প ও কল-কারখানা নিরুৎসাহিত করা হয়েছে |
| মেট্রো পলিটন ও ছোট শহর গুলো বিনিয়োগ উৎসাহিত করা হয়েছে |
| নগর নীতি প্রণয়ন করা হয়েছে, সঠিক গৃহায়ন, পরিবহণ, বর্জ্য ব্যবস্থাপন ও নগর পরিকল্পনার স্বার্থে |

প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে অনুষ্ঠিত উপদেষ্টা পরিষদের বৈঠকে নীতিটি অনুমোদন দেওয়া হয়। বর্তমানে দেশের মোট জনসংখ্যার ৩২ শতাংশ শহরাঞ্চলে বসবাস করলেও জাতীয় উৎপাদনের ৬০ শতাংশের বেশি আসে নগর অঞ্চল থেকে—এ বাস্তবতায় নীতিটি সময়োপযোগী বলে মনে করছেন বিশেষজ্ঞরা।

স্বাধীনতার পর থেকে একটি সমন্বিত নগর নীতির অভাবে নগরায়ণ হয়েছে অনিয়ন্ত্রিত ও অসম। এর ফলে আবাসন সংকট, অবকাঠামোর ওপর অতিরিক্ত চাপ, পরিবেশ ও জলবায়ু ঝুঁকি ক্রমেই বেড়েছে। নতুন নীতিতে বিকেন্দ্রীকরণ, পরিকল্পিত ভূমি ব্যবহার, উন্নত পরিবহন, বর্জ্য ব্যবস্থাপনা ও অন্তর্ভুক্তিমূলক নগর উন্নয়নের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে।

নীতিমালায় শহরগুলোকে চার স্তরে ভাগ করে ভিন্ন ভূমিকা নির্ধারণ করা হয়েছে। জনসংখ্যার চাপ কমাতে মেগাসিটিতে শিল্প স্থাপনা নিরুৎসাহিত করা হবে, আর জেলা ও ছোট শহরগুলোকে বিনিয়োগ, কর্মসংস্থান ও সেবা কেন্দ্র হিসেবে গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে।

নীতির বাস্তবায়ন ও সমন্বয়ের জন্য জাতীয় নগর উন্নয়ন কাউন্সিল গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। যদিও নীতিটি আইনগতভাবে বাধ্যতামূলক নয়, তবু নগর পরিকল্পনাবিদদের মতে এটি ভবিষ্যৎ নগর আইন, মাস্টারপ্ল্যান ও বিনিয়োগ সিদ্ধান্তের জন্য একটি গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা দেবে।

ইউএনডিপির কারিগরি সহায়তা ও যুক্তরাজ্যের অর্থায়নে প্রণীত এই নীতিতে স্বীকার করা হয়েছে যে অপরিকল্পিত নগরায়ণ আবাসন, পানি, বর্জ্য ব্যবস্থাপনা ও জলবায়ু সহনশীলতাকে বড় চ্যালেঞ্জে পরিণত করেছে। নীতিটির সাফল্য নির্ভর করবে কার্যকর বাস্তবায়ন, প্রাতিষ্ঠানিক সমন্বয় এবং রাজনৈতিক সদিচ্ছার ওপর।

■ প্রজন্ম নিউজ ডেস্ক




# পিএসটিসির ৩৬তম বার্ষিক সাধারণ সভা সম্পন্ন
# ২০২৬ - ২৭ মেয়াদের গভর্নিং বডি নির্বাচিত

পপুলেশন সার্ভিসেস অ্যান্ড ট্রেনিং সেন্টার (পিএসটিসি) ২০ ডিসেম্বর ২০২৫ তারিখে ঢাকার আফতাবনগরে অবস্থিত পিএসটিসি ভবনে সফলভাবে তার ৩৬তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) আয়োজন করে।

এজিএম-এ বার্ষিক কর্মসূচি ও নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন অনুমোদন, ২০২৬ সালের বাজেট অনুমোদন এবং সমন্বিত স্বাস্থ্যসেবা, যুবনেতৃত্বাধীন যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার (SRHR) উদ্যোগ এবং মানবিক সাড়ায় পিএসটিসির ক্রমবর্ধমান প্রভাব পর্যালোচনা করা হয়। সভায় শক্তিশালী সুশাসন, নীতিমালা অনুসরণ এবং আর্থিক শৃঙ্খলার প্রতি পিএসটিসির প্রতিশ্রুতি প্রশংসিত হয়।

সভায় পিএসটিসির নির্বাহী পরিচালক ড. নূর মোহাম্মদকে তাঁর দূরদর্শী নেতৃত্ব ও নিষ্ঠাবান স্টুয়ার্ডশিপের স্বীকৃতিস্বরূপ "পিএসটিসি স্টুয়ার্ডশিপ অ্যাওয়ার্ড" প্রদান করা হয়। তাঁর নেতৃত্বে পিএসটিসি জাতীয় পর্যায়ে শক্ত অবস্থান গড়ে তোলার পাশাপাশি আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন করেছে, যা প্রতিষ্ঠানের জন্য একটি স্থায়ী প্রাতিষ্ঠানিক ঐতিহ্য সৃষ্টি করেছে।

সদস্যরা আরও উল্লেখযোগ্য অর্জনের মধ্যে আন্তর্জাতিক প্ল্যানড প্যারেন্টহুড ফেডারেশন (আইপিপিএফ)-এর সঙ্গে পিএসটিসির ধারাবাহিক সংযুক্তি এবং নিজস্ব স্থায়ী কার্যালয় পিএসটিসি ভবনের সংহতকরণকে বিশেষভাবে স্বীকৃতি দেন।


এজিএম-এ সর্বসম্মতিক্রমে ২০২৬–২০২৭ মেয়াদের জন্য পিএসটিসির গভর্নিং বডি নির্বাচন করা হয়। এতে চেয়ারপারসন হিসেবে পুনর্নির্বাচিত হন জনাব সানজিদা ইসলাম, ভাইস চেয়ারপারসন হিসেবে জনাবা গীতালি বদরুন্নেসা হাসান এবং কোষাধ্যক্ষ হিসেবে জনাব e বাদরুল মুনির। নবনির্বাচিত বোর্ডে যুব প্রতিনিধিসহ একটি বৈচিত্র্যময় ও অন্তর্ভুক্তিমূলক নেতৃত্ব কাঠামো নিশ্চিত করা হয়।
নতুন নেতৃত্ব ও সম্মিলিত অঙ্গীকারের ভিত্তিতে পিএসটিসি আগামী দিনে গুণগত মান, উদ্ভাবন এবং দীর্ঘমেয়াদি টেকসই উন্নয়নের লক্ষ্যে এগিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেছে।



■ প্রজন্ম নিউজ ডেস্ক

Engage
Empower
Excellence

# Population Services and Training Center




**Old Address**

~~House # 93/3, Level-4 & 6, Road # 8, Block-C~~
~~Niketon, Gulshan-1, Dhaka-1212~~

## NEW ADDRESS

# PSTC BHABAN

**House # 5, Main Road, Block-B, Aftabnagar**
**Badda, Dhaka-1212**




# এলডিসি উত্তরণে এনজিও খাত: নতুন চ্যালেঞ্জ, নতুন পথ

*-এক অন্তর্দৃষ্টি*

বাংলাদেশকে প্রায়ই 'এনজিওর দেশ' বলা হয়। মুক্তিযুদ্ধ-পরবর্তী ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রমের মাধ্যমে যে খাতের সূচনা, সময়ের বিবর্তনে সেটিই আজ স্বাস্থ্য, শিক্ষা, পরিবার পরিকল্পনা, মানবাধিকার, নারী ও শিশুকল্যাণ, জলবায়ু অভিযোজন এবং মানবিক সাড়ার মতো গুরুত্বপূর্ণ খাতে রাষ্ট্রের পরিপূরক শক্তি হিসেবে প্রতিষ্ঠিত। তবে স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে উত্তরণ এবং আন্তর্জাতিক দাতা অর্থায়নের ক্রমাগত সংকোচন এনজিও খাতকে এক গভীর অস্তিত্ব সংকটের মুখে দাঁড় করিয়েছে।

বণিক বার্তায় প্রকাশিত এক সাক্ষাৎকারে পপুলেশন সার্ভিসেস অ্যান্ড ট্রেনিং সেন্টার (পিএসটিসি)-এর নির্বাহী পরিচালক ড. নূর মোহাম্মদ বলেন, বাংলাদেশের এনজিও খাত এখনো বড় মাত্রায় দাতানির্ভর। অথচ এই বাস্তবতা বদলাবে—এটি অনেক আগেই অনুমান করা উচিত ছিল। দাতা সংস্থাগুলো সময়ের সঙ্গে অগ্রাধিকার পরিবর্তন করে; কখনো শিক্ষা থেকে সরে গিয়ে এসআরএইচআর বা ওয়াশে গুরুত্ব দেয়, কখনো রাজনৈতিক পরিবর্তনের ফলে হঠাৎ অর্থায়ন বন্ধ হয়ে যায়। এর সরাসরি প্রভাব পড়ে মাঠপর্যায়ের সেবায়—পরিবার পরিকল্পনা, কন্ট্রাসেপটিভ সরবরাহ, স্বাস্থ্যসেবা এবং দক্ষ মানবসম্পদের কর্মসংস্থানে।

ড. নূর মোহাম্মদের মতে, এনজিও কখনোই রাষ্ট্রের প্রতিদ্বন্দ্বী নয়; বরং রাষ্ট্রের কাজের পরিপূরক। তবে রাষ্ট্র যদি এনজিও খাতের ভবিষ্যৎ নিয়ে সমন্বিত পরিকল্পনা না করে, তাহলে এই খাতের ওপর চাপ বাড়তেই থাকবে। বিশেষ করে অর্থায়ন সংকোচনের ফলে দক্ষ উন্নয়নকর্মীদের বেকার হয়ে পড়া এবং জরুরি সামাজিক সেবা ব্যাহত হওয়ার ঝুঁকি প্রকট হচ্ছে।

এ প্রেক্ষাপটে তিনি এনজিওগুলোর জন্য তিনটি গুরুত্বপূর্ণ দিক তুলে ধরেন। প্রথমত, দাতানির্ভরতা কমিয়ে পরিকল্পিতভাবে নিজস্ব আয়ের পথ তৈরি করা। এটি 'করপোরেট হয়ে যাওয়া' নয়, বরং সামাজিক সেবার স্থায়িত্ব নিশ্চিত করার কৌশল। দ্বিতীয়ত, সুশাসন ও বোর্ড-ম্যানেজমেন্টের স্বচ্ছ সম্পর্ক বজায় রাখা—নিয়ন্ত্রণ নয়, বরং শৃঙ্খলা ও জবাবদিহির ভিত্তিতে। তৃতীয়ত, কমিউনিটি-নির্ভর উন্নয়ন, যেখানে দাতা বা এনজিও সরে গেলেও স্থানীয় মানুষ নিজেরাই কর্মসূচি এগিয়ে নিতে সক্ষম হয়।

ক্ষুদ্র ঋণ প্রসঙ্গে ড. নূর মোহাম্মদ বলেন, এটি নারীর ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখলেও মূল উন্নয়ন এজেন্ডা সংকুচিত হচ্ছে কিনা—সে বিষয়ে আরও গভীর বিশ্লেষণ প্রয়োজন। তবে তিনি জোর দেন নারীর আর্থিক সক্ষমতার সঙ্গে পারিবারিক ও সামাজিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতার সরাসরি সম্পর্কের ওপর।

সবশেষে তিনি বলেন, এনজিও খাতের ভবিষ্যৎ অনেকটা একটি সুস্থ চারাগাছের মতো—যাকে টিকিয়ে রাখতে প্রয়োজন স্বচ্ছতা, উপযুক্ত সরকারি নীতিমালা এবং সর্বোপরি জন-আস্থা। এই তিনটির ভারসাম্যই নির্ধারণ করবে বাংলাদেশের এনজিও খাত টিকে থাকবে কিনা, এবং কীভাবে নতুন বাস্তবতায় নিজেকে পুনর্গঠন করবে।




■ সৌজন্যে ঃ বনিক বার্তা